**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**তথ্য অধিদফতর**
**বাংলাদেশ সচিবালয়**
**ঢাকা।**

## সংবাদ গতিধারা

**ঢাকা, বৃহস্পতিবার ২৩ জুলাই ২০১৫, ৮ শ্রাবণ ১৪২২**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। তৈরি পোশাকের দাম বাড়ান : বিদেশি ক্রেতাদের প্রতি প্রধানমন্ত্রী
২। বাংলাদেশকে ২০ কোটি ৮০ লাখ ইউরো দেবে জার্মানি
: প্রধানমন্ত্রীর সঙ্গে সাক্ষাৎকালে জার্মান রাষ্ট্রদূত
৩। অপ্রয়োজনে যন্ত্রপাতি কিনলে ব্যবস্থা নেওয়া হবে : স্বাস্থ্যমন্ত্রী
৪। শিশু রাজন হত্যার বিচারে সব ব্যবস্থা নেওয়া হবে : স্বরাষ্ট্রমন্ত্রী
৫। ভাড়ায় চালিত চার বিদ্যুৎ কেন্দ্রের ক্রয় চুক্তির মেয়াদ বৃদ্ধির প্রস্তাব অনুমোদন
৬। মহাসড়কে অটোরিকশা চলাচলে নিষেধাজ্ঞা
৭। বেসরকারি ও বিদেশি ব্যাংকের প্রতি কঠোর হচ্ছে বাংলাদেশ ব্যাংক
: কৃষিঋণ বিতরণে নতুন নীতিমালা
৮। মিয়ানমার থেকে ফিরে এসেছেন ১৫৫ বাংলাদেশি
৯। ইরানের সাথে ৬ বিশ্বশক্তির পারমাণবিক চুক্তিতে লাভবান হবে বাংলাদেশ
১০। বিপর্যয় আসবে বাংলাদেশে : ভারতের নদী সংযোগ প্রকল্প

চলমান পাতা/২

১। তৈরি পোশাকের দাম বাড়ান : বিদেশি ক্রেতাদের প্রতি প্রধানমন্ত্রী

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বাংলাদেশের তৈরি পোশাক পণ্যের দাম বাড়াতে বিদেশি ক্রেতাদের প্রতি আহ্বান জানিয়ে বলেছেন, এই অর্থ এই শিল্পের ৪০ লাখ শ্রমিকের অধিকতর কল্যাণে ব্যয় হবে। গতকাল ২২ জুলাই বুধবার প্রধানমন্ত্রীর সঙ্গে তাঁর কার্যালয়ে নেদারল্যান্ডসের রাষ্ট্রদূত গারবেন ডি জং বিদায়ী সাক্ষাৎ করতে গেলে প্রধানমন্ত্রী শেখ হাসিনা এ কথা বলেন। বৈঠক শেষে প্রধানমন্ত্রীর প্রেস সচিব ইহসানুল করিম সাংবাদিকদের এ তথ্য জানান। সূত্র-ইত্তেফাক (পৃ.১,ক.৬), প্রথম আলো (পৃ.২,ক.২), যুগান্তর (শেষ পৃ.,ক.৬), ডেইলি স্টার (পৃ.৫,ক.২), ডেইলি সান (পৃ.১,ক.১), নিউজ টুডে (পৃ.১,ক.১)।

২। বাংলাদেশকে ২০ কোটি ৮০ লাখ ইউরো দেবে জার্মানি

: প্রধানমন্ত্রীর সঙ্গে সাক্ষাৎকালে জার্মান রাষ্ট্রদূত

জলবায়ু পরিবর্তন, জ্বালানি সক্ষমতা বৃদ্ধি ও সুশাসন প্রতিষ্ঠায় বাংলাদেশকে ২০৮ মিলিয়ন (২০ কোটি ৮০ লাখ) ইউরো দেবে জার্মানি। প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে সৌজন্য সাক্ষাৎকালে এ সহযোগিতা দেওয়ার কথা জানান জার্মানির নবনিযুক্ত রাষ্ট্রদূত ড. থমাস প্রিঞ্জ। গতকাল ২২ জুলাই বুধবার প্রধানমন্ত্রীর কার্যালয়ে এ সাক্ষাৎ হয়। সাক্ষাৎ শেষে প্রধানমন্ত্রীর প্রেস সচিব ইহসানুল করিম এ বিষয়ে সাংবাদিকদের অবহিত করেন। সূত্র-জনকণ্ঠ (পৃ.১,ক.৮), সংবাদ (শেষ পৃ.,ক.৩), নিউজ টুডে (শেষ পৃ.,ক.৮), ডেইলি সান (পৃ.২,ক.২)।

৩। অপ্রয়োজনে যন্ত্রপাতি কিনলে ব্যবস্থা নেওয়া হবে : স্বাস্থ্যমন্ত্রী

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রী মোহাম্মদ নাসিম বলেছেন, হাসপাতালে অপ্রয়োজনে যন্ত্রপাতি ক্রয় করলে জড়িতদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেওয়া হবে। সরকারি নীতিমালা সম্পূর্ণ মেনে ক্রয় প্রক্রিয়া সম্পন্ন করতে হবে। এর ব্যত্যয় ঘটলে সংশ্লিষ্টদের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা নেওয়া হবে। তিনি যন্ত্রপাতি ক্রয় সংক্রান্ত মন্ত্রণালয়ের কমিটির অনুমোদন নিয়ে প্রয়োজন অনুযায়ী যন্ত্রপাতি ক্রয়ের জন্য পরামর্শ দেন। গতকাল ২২ জুলাই বুধবার সচিবালয়ে মন্ত্রণালয়ের বিভিন্ন উন্নয়ন কার্যক্রম ও ভবিষ্যৎ পরিকল্পনা প্রণয়ন সংক্রান্ত এক সভায় সভাপতিত্বকালে স্বাস্থ্যমন্ত্রী এসব কথা বলেন। সূত্র-ইত্তেফাক (শেষ পৃ.,ক.৫), জনকণ্ঠ (পৃ.৩,ক.৪)।

৪। শিশু রাজন হত্যার বিচারে সব ব্যবস্থা নেওয়া হবে : স্বরাষ্ট্রমন্ত্রী

স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান কামাল বলেছেন, শিশু রাজন হত্যাকাণ্ড জঘন্যতম, পৈশাচিক। এই হত্যাকাণ্ডের সুষ্ঠু বিচার নিশ্চিত করতে সরকার সব ধরনের ব্যবস্থা নেবে। তিনি বলেন, এই বিচারে যাতে দৃষ্টান্ত স্থাপিত হয় এবং এরকম জঘন্য অপরাধে কেউ যাতে জড়ানোর দুঃসাহস দেখাতে না পারে সেই ব্যবস্থা নেওয়া হবে। স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, ইতোমধ্যে আদালতে ৬ আসামি ১৬৪ ধারায় স্বীকারোক্তিমূলক জবানবন্দি দিয়েছে। জড়িত কোনো দুষ্কৃতকারী পালানোর সুযোগ পাবে না। তাদেরকে বিচারের মুখোমুখি হতে হবে। গতকাল ২২ জুলাই বুধবার সিলেটে শিশু শেখ সামিউল আলম রাজনের মা-বাবাকে সান্ত্বনা দিতে গিয়ে স্থানীয় এলাকাবাসী আয়োজিত এক প্রতিবাদ সমাবেশে বক্তৃতাকালে তিনি এ কথা বলেন। সূত্র-ইত্তেফাক (পৃ.১,ক.৮), সংবাদ (শেষ পৃ.,ক.৭), ইনকিলাব (পৃ.১,ক.৫), নিউ নেশন (পৃ.১,ক.২), বাংলাদেশ টুডে (পৃ.১,ক.৬)।

৫। ভাড়ায় চালিত চার বিদ্যুৎ কেন্দ্রের ক্রয় চুক্তির মেয়াদ বৃদ্ধির প্রস্তাব অনুমোদন

ভাড়ায় চালিত চারটি বিদ্যুৎ কেন্দ্রের ক্রয় চুক্তির মেয়াদ বৃদ্ধির প্রস্তাব অনুমোদন করেছে সরকারের ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি। গতকাল ২২ জুলাই বুধবার সরকারি ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির বৈঠকে এই চারটি প্রকল্পের মেয়াদ বাড়ানোর প্রস্তাব অনুমোদিত হয় বলে মন্ত্রিপরিষদ বিভাগের অতিরিক্ত সচিব মোস্তাফিজুর রহমান জানান। সূত্র-জনকণ্ঠ (পৃ.১,ক.৭), ইত্তেফাক (পৃ.৩,ক.৬), সংবাদ (পৃ.১,ক.১), নিউ নেশন (শেষ পৃ.,ক.৫), ডেইলি সান (পৃ.৩,ক.৫)।

৬। মহাসড়কে অটোরিকশা চলাচলে নিষেধাজ্ঞা

মহাসড়কে সিএনজিচালিত অটোরিকশাকে 'ভয়ঙ্কর' যান বলে আসছেন পরিবহণের সঙ্গে সংশ্লিষ্টরা। দীর্ঘদিন ধরে তারা করিমন, নসিমন ও ব্যাটারিচালিত অটোরিকশার পাশাপাশি সিএনজিচালিত অটোরিকশা চলাচল বন্ধ করার দাবি জানিয়ে আসছেন। তারা বলছেন, মহাসড়কে অধিকাংশ দুর্ঘটনার কারণ সিএনজিচালিত অটোরিকশা। এ অবস্থায় গতকাল ২২ জুলাই বুধবার দেশের জাতীয় মহাসড়কগুলোতে সব ধরনের অটোরিকশা চলাচলে নিষেধাজ্ঞা জারি করা হয়েছে। সাম্প্রতিক সময়ে মহাসড়কে দুর্ঘটনা বেড়ে যাওয়ায় সড়ক পরিবহণ ও সেতু মন্ত্রণালয় এই সিদ্ধান্ত নিয়েছে। সূত্র- প্রথম আলো (শেষ পৃ.,ক.১), সমকাল (পৃ.১,ক.১), ইন্ডিপেনডেন্ট (পৃ.১,ক.১), ডেইলি সান (পৃ.১,ক.৫)। ইত্তেফাক এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

৭। বেসরকারি ও বিদেশি ব্যাংকের প্রতি কঠোর হচ্ছে বাংলাদেশ ব্যাংক

: কৃষিঋণ বিতরণে নতুন নীতিমালা

কেন্দ্রীয় ব্যাংকের বারবার দেওয়া তাগিদ ও বাণিজ্যিক ব্যাংকগুলোকে নানাবিধ সুবিধা দেওয়ার পরও কৃষি খাতে ঋণ বিতরণের লক্ষ্যমাত্রা পূরণ হচ্ছে না। এ খাতের ঋণে সুদের হার তুলনামূলক কম হওয়ায় বেসরকারি ও

বিদেশি ব্যাংকগুলোর ঋণ বিতরণে তেমন আগ্রহ দেখায় না। তাই এসব ব্যাংক যাতে কৃষি খাতে ঋণ বিতরণ নিশ্চিত করে সেজন্য আরও কঠোর হচ্ছে বাংলাদেশ ব্যাংক। এখন থেকে কোনো ব্যাংক কৃষিঋণ বিতরণের লক্ষ্যমাত্রা অর্জন করতে না পারলে অনার্জিত অংশের পুরোটাই বাংলাদেশ ব্যাংকে বাধ্যতামূলক জমা রাখতে হবে। আর এ অর্থের উপর কোনো সুদ দেওয়া হবে না। সম্প্রতি বাংলাদেশ ব্যাংক এ সংক্রান্ত একটি প্রজ্ঞাপন সব বেসরকারি ও বিদেশি ব্যাংকের প্রধান নির্বাহী কর্মকর্তাদের কাছে পাঠিয়েছে। এ সিদ্ধান্ত চলতি ২০১৫-১৬ অর্থবছর থেকে কার্যকর হবে বলে জানানো হয়েছে। সূত্র-ইত্তেফাক (পৃ.১৮,ক.৭), নিউজ টুডে (পৃ.৩,ক.৩)।

৮। মিয়ানমার থেকে ফিরে এসেছেন ১৫৫ বাংলাদেশি

মিয়ানমারের অভ্যন্তরে ঢেকুবনিয়ার বিজিপি ক্যাম্পে গতকাল ২২ জুলাই বুধবার দুই দেশের সীমান্তরক্ষী বাহিনীর মধ্যে পতাকা বৈঠক শেষে ১৫৫ বাংলাদেশিকে ফেরত দিয়েছে মিয়ানমার। সমুদ্রপথে মালয়েশিয়া যাওয়ার সময় তাদের জলসীমা থেকে ১৫৫ বাংলাদেশিকে উদ্ধার করে মিয়ানমার। বৈঠকে বাংলাদেশের ১৬ সদস্য বিশিষ্ট প্রতিনিধি দলের নেতৃত্ব দেন বিজিবি'র ১৭ ব্যাটালিয়নের অধিনায়ক লে. কর্নেল মো. রবিউল ইসলাম। মিয়ানমারের প্রতিনিধি দলের নেতৃত্ব দেন মিয়ানমার বিজিপির ১ নম্বর সেক্টরের অধিনায়ক লে. কর্নেল ক্যাই তুইয়্যা। সূত্র-ইত্তেফাক (পৃ.১৯,ক.৭), সংবাদ (পৃ.১,ক.১), যুগান্তর (শেষ পৃ.,ক.৪), ডেইলি সান (পৃ.১,ক.২), ডেইলি স্টার (শেষ পৃ.,ক.১)।

৯। ইরানের সাথে ৬ বিশ্বশক্তির পারমাণবিক চুক্তিতে লাভবান হবে বাংলাদেশ

ইরানের ওপর থেকে আন্তর্জাতিক অবরোধ তুলে নিলে বাংলাদেশ লাভবান হবে বলে মন্তব্য করেছেন পররাষ্ট্র সচিব শহিদুল হক। গতকাল ২২ জুলাই বুধবার পররাষ্ট্র মন্ত্রণালয়ে ইউরোপীয় ইউনিয়নের কয়েকটি দেশের রাষ্ট্রদূতদের সঙ্গে বৈঠক শেষে তিনি এ মন্তব্য করেন। এর আগে পররাষ্ট্র মন্ত্রণালয়ের সভাকক্ষে অবহিতকরণ বৈঠক অনুষ্ঠিত হয়। সূত্র-ইনকিলাব (পৃ.১,ক.৫), যুগান্তর (পৃ.২,ক.৫), নিউজ টুডে (শেষ পৃ.,ক.১), ডেইলি সান (পৃ.২,ক.৬)।

১০। বিপর্যয় আসবে বাংলাদেশে : ভারতের নদী সংযোগ প্রকল্প

ভারতের আন্তঃনদী সংযোগ প্রকল্পের মাধ্যমে গঙ্গা ও ব্রহ্মপুত্র অববাহিকার নদ-নদীসমূহের পানি ১৩টি সংযোগ খালের মাধ্যমে প্রত্যাহার করা হলে নদীমাতৃক বাংলাদেশের কৃষি, পরিবেশ ও জনজীবন হুমকির মুখে পড়বে বলে আশঙ্কা করছেন বিশেষজ্ঞরা। তাই এ ধরনের পদক্ষেপ নেওয়া থেকে বিরত থাকতে ভারতকে আহ্বান জানিয়েছে বাংলাদেশ। সূত্র-ইত্তেফাক (পৃ.১, ক.৬), প্রথম আলো (পৃ.৩,ক.৩), যুগান্তর (শেষ পৃ.,ক.২), নিউজ টুডে (পৃ.১,ক.৭), নিউ নেশন (পৃ.১,ক.৫)। ইনকিলাব, নিউ এজ এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

সম্পাদকীয়

ক. প্রথম আলো, নিউ এজ : বঙ্গবন্ধু সেতুর পশ্চিম সংযোগ সড়কের প্রাণঘাতী সংযোগ সড়ক ২২ কিলোমিটার দ্রুত প্রশস্ত করার উদ্যোগ নেওয়ার সুপারিশ;

খ. ইত্তেফাক : সড়ক-মহাসড়কগুলিতে নিরবচ্ছিন্নভাবে যান চলাচল অব্যাহত রাখতে নিয়মিত হাইওয়ে পুলিশসহ আইনশৃঙ্খলা বাহিনীর অভিযান পরিচালনা করা আবশ্যক বলে অভিমত প্রকাশ;

গ. সংবাদ : সুন্দরবনের মৎস্য সম্পদ রক্ষায় স্থানীয় দুর্বৃত্তদের বিরুদ্ধে দ্রুত আইনি ব্যবস্থা গ্রহণসহ জলাশয় ইজারা দেওয়াতে স্বচ্ছতা বজায় রাখার আহ্বান;

ঘ. জনকণ্ঠ : ল্যান্ডফোন সেবা সম্প্রসারণে অপারেটরদের আধুনিকায়ন, ব্যবসাবান্ধব ও প্রতিযোগিতামূলক পরিবেশ তৈরি করলে, ভুয়া আইপিও ব্যবহার বন্ধ করলে রাজস্ব আদায় বাড়বে বলে প্রত্যাশা ব্যক্ত;

ঙ. সমকাল, ইন্ডিপেনডেন্ট : কৃষকের পরিবর্তে মধ্যস্বত্বভোগীরা যাতে প্রকৃত লাভবান হতে না পারে সেজন্য নীতিনির্ধারকদের সরকারের খাদ্যশস্য সংগ্রহ নীতিমালা দ্রুত পর্যালোচনা করার সুপারিশ;

চ. যুগান্তর : গ্যাসের মূল্যবৃদ্ধির বিষয়ে কর্তৃপক্ষ বাস্তব দৃষ্টিভঙ্গির পরিচয় দেবে বলে প্রত্যাশা ব্যক্ত;

ছ. ডেইলি স্টার, নিউ নেশন, ইনকিলাব : আন্তঃনদী সংযোগ প্রকল্প বাস্তবায়নে ভারত নতুন করে উদ্যোগ নেওয়াতে বাংলাদেশে বিপর্যয়ের আশঙ্কা প্রকাশ করে বাংলাদেশকে এ বিষয়ে অবিলম্বে কার্যকর উদ্যোগ নেওয়ার আহ্বান;

জ. ইন্ডিপেনডেন্ট : পদার্থবিজ্ঞানের ইতিহাসে বাঙালি বিজ্ঞানী জাহিদ হাসানের সাফল্য তুলে ধরে এ দেশে প্রতিভাবানদের প্রতিভার বিকাশ ও মেধার পৃষ্ঠপোষকতা একান্তভাবে আবশ্যক বলে অভিমত;

ঝ. ডেইলি সান : ভূমি ব্যবস্থাপনায় ডিজিটাল ভূমি ব্যবস্থাপনা পদ্ধতি দ্রুততম সময়ে কার্যকর করার ওপর গুরুত্বারোপ;

ঞ. নিউজ টুডে : পুলিশ প্রশাসনে নিচ থেকে সর্বোচ্চ পর্যায় পর্যন্ত নিয়োগে রদবদল করে প্রকৃত জনসেবা প্রদানের উপযোগী করে তোলার সুপারিশ;

ট. নিউ নেশন : কর্পোরেট ট্যাক্স বৃদ্ধির পদক্ষেপে রাজস্ব আয় না বেড়ে ব্যবসায় বিনিয়োগ অনেকাংশে কমে যাওয়ার আশঙ্কা প্রকাশ করে সম্পাদকীয় প্রকাশ করেছে।

উপ-সম্পাদকীয়

ইত্তেফাক পত্রিকায় প্রকাশিত কলামে হাই-টেক পার্কে বিনিয়োগে অপার সম্ভাবনা থাকায় শিল্পপতিরা এ খাতে বিনিয়োগ করে নিজেরাও লাভবান হতে পারেন এবং দেশ গড়ার কাজে অবদান রাখতে পারেন বলে উল্লেখ করা হয়েছে।

নিবন্ধ ও ফিচার

সমকাল পত্রিকায় প্রকাশিত 'নারী নির্যাতন বন্ধ করুন' শিরোনামের নিবন্ধে অভিজিত চক্রবর্তী নির্যাতনের মনোভাব মন থেকে মুছে, নির্ভয়ে পথ চলতে সব নারী ও শিশুকে সহযোগিতা করতে হবে। এতে সম্মান কারও কমবে না বরং বাড়বে বলে অভিমত প্রকাশ করেছেন।

#

ফারহানা/ফাহিমা/মরজিনা/বিপ্লু/২০১৫/৯.০০ ঘণ্টা